

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা
(সাধারণ শাখা)
(www.dhaka.gov.bd)

২০২২-২০২৩ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার আলোকে “নৈতিকতা কমিটির” মে ২০২৩ তারিখের সভা”র কার্যবিবরণী :

সভাপতি	:	মোহাম্মদ মমিনুর রহমান জেলা প্রশাসক, ঢাকা
সভার তারিখ	:	২২ মে ২০২৩ খ্রি:
সভার সময়	:	সকাল ১১:০০ টা
স্থান	:	সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।
উপস্থিতি	:	পরিশিষ্ট 'ক'

উপস্থিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ঢাকা শুদ্ধাচার কর্মপরিকল্পনার বিভিন্ন সূচক বাস্তবায়নের নিমিত্ত এ সভার আয়োজন করা হয় মর্মে উল্লেখ করে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর বিভিন্ন কর্মসম্পাদন সূচক সভায় উপস্থাপন করেন।

সভায় বিভিন্ন কর্মসম্পাদন সূচক নিয়ে আলোচনা করা হয় এবং সর্বসম্মতিক্রমে নিম্নবূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র: নং	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার বাস্তবায়নে যথাযথ ব্যবস্থা গ্রহণের অংশ হিসেবে প্রতি কোয়ার্টারে ১টি নৈতিকতা কমিটির সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ঢাকা
২.	কর্মকর্তা-কর্মচারীদের জন্য অবশ্য পালনীয় বিধি বিধান, নিজস্ব কর্মপরিবেশে শুদ্ধাচার প্রতিষ্ঠায় এ সংক্রান্ত প্রজ্ঞাপন/পরিপত্র মেনে চলার জন্য কর্মশালার আয়োজন করতে হবে।	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ঢাকা
৩.	দক্ষতা ও নৈতিকতার উন্নয়নের লক্ষ্যে আঞ্চলিক/ মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ঢাকা
৪.	স্বচ্ছতা ও জবাবদিহিতা শক্তিশালীকরণের নিমিত্ত স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) বাস্তবায়ন এবং ওয়েবসাইটে প্রকাশ, শাখা, অধিনস্ত অফিস পরিদর্শন, পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন, প্রাতিষ্ঠানিক গণশুনানীর আয়োজন ও অডিট আপত্তি নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ঢাকা উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঢাকা সংশ্লিষ্ট সকল

অতপর: সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



মোহাম্মদ মমিনুর রহমান
জেলা প্রশাসক

ও

সভাপতি

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ
কাঠামো প্রণয়ন ও বাস্তবায়ন কমিটি, ঢাকা

স্মারক নং- ০৫.৪১.২৬০০.০০৯.৫২.০০৮.২২- ২২৩/৬

তারিখ: ০৬ জ্যৈষ্ঠ ১৪৩০
২২ মে ২০২৩

অনুলিপি: সদয় আতর্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ০১। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।
- ০২। অতিরিক্ত জেলা প্রশাসক (সকল), ঢাকা।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঢাকা।
- ০৪। রেভিনিউ ডেপুটি কালেক্টর, ঢাকা।
- ০৫। মেজারত ডেপুটি কালেক্টর, ঢাকা।
- ০৬। সহকারী কমিশনার, সাধারণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।
- ০৭। ভূমি অধিগ্রহণ কর্মকর্তা (সাধারণ), জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।
- ০৮। অফিস কপি।



মোহাম্মদ মমিনুর রহমান
জেলা প্রশাসক

ও

সভাপতি

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ
কাঠামো প্রণয়ন ও বাস্তবায়ন কমিটি, ঢাকা